তোমায় দেখে মনে লাগে ব্যথা,
হায় বিদেশী পান্থ ।
এই দারুণ রৌদ্রে, এই তপ্ত বালুকায়
তুমি কি পথভ্রান্ত ।
দুই চক্ষুতে এ কী দাহ
জানি নে, জানি নে, জানি নে, কী যে চাহ ।
চলো চলো আমাদের ঘরে,
চলো চলো ক্ষণেকের তরে,
পাবে ছায়া, পাবে জল ।
সব তাপ হবে তব শান্ত ।
ও কথা কেন নেয় না কানে,
কোথা চ'লে যায় কে জানে ।
মরণের কোন্ দূত ওরে
করে দিল বুঝি উদ্‌ভ্রান্ত ।

---

Parjaay: Shyama, Taal: Dadra, Style: Kirtan

Visit www.geetabitan.com for notation and other detail